

৩৫

## শুরু হল নদিয়া বইমেলা

■ কৃষ্ণনগর: উদ্বোধন হল ৩২তম নদিয়া জেলা বইমেলা। বৃহস্পতিবার বিকেলে কৃষ্ণনগরে পাবলিক লাইব্রেরি প্রাঙ্গনে মেলার উদ্বোধন করেন বিশিষ্ট কবি ও প্রাবন্ধিক অমিতাভ চৌধুরী। আগামী ৩০ ডিসেম্বর পর্যন্ত এই বইমেলা চলবে। এ বারে ৮১টি প্রকাশনা সংস্থা এখানে স্টল দিয়েছে। বইমেলা কমিটির পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে বইমেলা চত্বরে প্লাস্টিক দ্রব্য ব্যবহার করা যাবে না। বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে কবি ও প্রাবন্ধিক অমিতাভ চৌধুরী ছাড়াও, নদিয়ার জেলাশাসক সুমিত গুপ্তা, অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) শেখর সেন, বিধায়ক রমা বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন। প্রসঙ্গত এ বারে নোট বাতিলের ধাক্কায় বাজেট কমেছে নদিয়া জেলা বইমেলাতেও। গত বছর যেখানে সাড়ে সাতলক্ষ টাকা খরচ হয়েছিল, এবারে সেখানে ৬ লক্ষ টাকা বাজেট করা হয়েছে।



২০২৪-২৫

২৩ মে ২০২৪

## বিজ্ঞান মেলা

■ কৃষ্ণনগর: নদিয়া জেলা ছাত্রযুব বিজ্ঞান মেলা শুরু হল। বৃহস্পতিবার সকালে কৃষ্ণনগরে স্বীজেন্দ্রলাল রায় কলেজে মেলার উদ্বোধন হয়। আজ শুক্রবার এই মেলা শেষ হবে। এ দিন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন) শঙ্কর নন্দর, জেলা যুব আধিকারিক শুভময় ভট্টাচার্য, সর্বশিক্ষা মিশনের প্রকল্প আধিকারিক সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায় প্রমুখ। প্রতিযোগিতামূলক বিজ্ঞান ভিত্তিক প্রদর্শনী হচ্ছে মেলায়। মাধ্যমিক স্তরের ৬৮টি স্কুলের ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।



কৃষ্ণনগরের বিজ্ঞানমেলায় ছাত্রছাত্রীরা। — নিজস্ব চিত্র

স্বাক্ষর-১৫

কৃষ্ণনগর জেলা ছাত্রযুব বিজ্ঞান মেলা ২০ সেপ্টেম্বর ২০২০





# রোগীর পরিজনদের জন্য পার্ক হাসপাতালে

নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর:  
এক রাশ উদ্বেগ নিয়ে হাসপাতালে  
আসা আর বেলা পড়ে এলে কপালে  
ভাঁজ ফেলে ফিরে যাওয়া।

রোগীর পরিজনদের এই চেনা  
মানসিক চৌহদ্দিতে কিঞ্চিৎ আরাম  
জোগাতে হাসপাতালের পরিবেশটাই  
বদলে পেলতে চাইছে কৃষ্ণনগর জেলা  
হাসপাতাল কর্তৃপক্ষ। তুলো-গজ-  
রঞ্জের আবহে তাই ফুলের কেয়ারি,  
বাঁধানো পুকুর, বাচ্চাদের ছটোপুটি  
করার জন্য একটু পরিসর খুঁজে দিচ্ছে  
হাসপাতাল। যার প্রাথমিক উদ্যোগ  
দেকে রোগীর বাড়ির লোকেরা বিশ্বাস  
নিয়ে বলেও ফেলছেন, “বাবাঃ,  
দুশ্চিন্তার মাঝেও একটু দম নেওয়ার  
ফুরসত পাব মনে হচ্ছে গো।”

শক্তিনগর জেলা হাসপাতাল  
চত্বরে ইতিমধ্যেই বসেছে আলো,  
হয়েছে বসার জায়গা, ফুলের  
বাগান, অ্যাথল্যান্সের জন্য পার্কিং  
লট। এমারজেন্সি ও মেল ওয়ার্ডের  
মাঝে, হচ্ছে একটা শিশু উদ্যানও।  
সাধারণের ব্যবহারের জন্য তৈরি হচ্ছে  
সুলভ শৌচাগার।

কৃষ্ণনগরের পুরপ্রধান অসীম  
সাহা বলছেন, “আসলে অনেক সময়  
রোগীর পরিবারের লোকজন নানা  
কারণে বাড়ির শিশুদের হাসপাতালে  
নিয়ে আসতে বাধ্য হন। হয়ত তাকে  
বাড়িতে রেখে দেওয়ার মত কেউ  
নেই। তাই একটু ব্যবস্থা করা আর  
কী।” সঙ্গে বসানো হবে হাইমাস্ট  
আলো। হাসপাতালের ইতিউতি  
এলইডি আলো, প্রায় ৯২টি।

যার প্রথম পর্যায়ে খপচ প্রায়  
৪৯ লক্ষ টাকা। দ্বিতীয় পর্যায়ে  
বরাদ্দ হয়েছে ২২ লক্ষ টাকা।  
হাসপাতালের সুপার শচীন্দ্রনাথ  
সরকার বলেন, “পুরসভার এই  
উদ্যোগকে আমরা প্রথমেই সাধুবাদ  
জানিয়েছি। এমনিতেই হাসপাতালে  
আসা মানুষদের মন বিবন্ন থাকে।  
পরিবেশটা যদি সুন্দর থাকে তাহলে  
মানসিক চাপ অনেকটাই কমবে।”



২৬

২৬ মে ২০২৩